

বিস্তারিত তথ্য/নির্দেশাবলী

পিকনিক স্পটের জন্য

- ১। “আগে আসলে আগে বরাদ্দ” ভিত্তিতে আবেদন পত্র সমূহের উপর ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২। আবেদনের সময় নিম্নলিখিত হারে অগ্রীম প্রদান করতে হবে (প্রতিদিনের জন্য) :
 - ক। সাধারণ স্পটের জন্য প্রতিজন ৬০/- (ষাট) টাকা হারে তবে প্রতিটি স্পটের জন্য ন্যূনতম ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার কম নয়।
 - খ। ভিআইপি (লেকভিউ) স্পটের জন্য প্রতিজন ১২০/- (একশত দুই) টাকা হারে তবে ন্যূনতম ৩,০০০/- (তিন হাজার) টাকার কম নয়।
- ৩। আনসার ও ভিডিপি সদর দপ্তরের লিখিত অনুমোদন ব্যতীত আনসার ভিডিপি একাডেমীর কোন পিকনিক স্পট ব্যবহার করা যাবে না।
- ৪। অতিথি/বনভোজনকারীগণ শুধু অনুমোদিত এলাকায় ভ্রমণ করতে পারবেন। তাঁদের জন্য অননুমোদিত এলাকায় প্রবেশ নিষিদ্ধ।
- ৫। স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে শুধুমাত্র শিক্ষকদের নেতৃত্বে/তত্ত্বাবধানে শিক্ষা সফর/বনভোজনের অনুমতি দেয়া হবে।
- ৬। অতিথিদের যানবাহন একাডেমীর প্রধান গেট দিয়ে প্রবেশ করতে পারবে না, এসব যানবাহন লেক এর পশ্চিম দিকের গেট ব্যবহার করবে। তবে ভিআইপিগণের (যুগ্ম সচিব এবং তদুর্ধ্ব সরকারী/সমমানের কর্মকর্তা, সম্মানিত সংসদ সদস্য, মন্ত্রীবর্গ, সামরিক বাহিনীর কর্ণেল এবং তদুর্ধ্ব র্যাংকের কর্মকর্তা) যানবাহন প্রয়োজনে প্রধান গেট দিয়ে প্রবেশ করতে পারবে।
- ৭। শুধুমাত্র নিজ স্পটে সহনীয় ভলিউমে এবং অন্যদের বিরক্ত না করে মাইক ব্যবহার করা যাবে।
- ৮। সামাজিক, ধর্মীয়, রাষ্ট্রীয় আইন ও রীতিনীতির পরিপন্থি কোন কাজ করা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৯। পিকনিক স্পটে কোন স্লোগান, চিৎকার হৈছল্লা ইত্যাদি করা যাবে না।
- ১০। সূর্যাস্তের পূর্বেই পিকনিক স্পট ত্যাগ করতে হবে।
- ১১। একাডেমী কর্তৃক কোন প্রকার খেলাধুলা/রান্নার সরঞ্জামাদি/তেজস্ব পত্র সরবরাহ করা হবে না। পিকনিক স্পটে অবস্থিত/প্রাপ্ত সুযোগ-সুবিধাদি ছাড়া অতিরিক্ত কোন সুযোগ-সুবিধাদি প্রদান করা যাবে না।
- ১২। অতিথিগণ খেলাধুলার সামগ্রী যেমন, ব্যাডমিন্টন, ভলিবল ইত্যাদি সাথে করে আনতে পারবেন।
- ১৩। অতিথিগণকে একাডেমীস্থ অফিসার্স মেস বা রেস্তোরাঁ হাউজ এর সুযোগ-সুবিধা দেয়া যাবে না।
- ১৪। অতিথি/বনভোজনকারী কর্তৃক একাডেমীর অভ্যন্তরে কোন ফল/চারা গাছ/সম্পদ নষ্ট করলে যথাযথ জরিমানা প্রদান করতে হবে এবং জরিমানার পরিমাণ ন্যূনতম ১,০০০/- (এক হাজার) টাকা।
- ১৫। আবেদনকারী কর্তৃক নির্দিষ্ট দিনের দুই সপ্তাহ এবং এক সপ্তাহ পূর্বে বুকিং বাতিলের আবেদন জানালে যথাক্রমে ৫০% এবং ২৫% অর্থ ফেরত দেয়া হবে নির্দিষ্ট দিনের এক সপ্তাহের মধ্যে বুকিং বাতিলের আবেদন করলে কোন অর্থ ফেরত দেয়া হবে না।

সুটিং এর জন্য

- ১। আবেদন পত্র চাহিদাকৃত তারিখের কমপক্ষে দুই সপ্তাহ পূর্বে পরিচালক (প্রশিক্ষণ) এর নিকট পৌঁছাতে হবে।
- ২। সুটিং স্পটের জন্য প্রতিদিন ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে আবেদনের সময় অগ্রীম প্রদান করতে হবে।
- ৩। একাডেমী থেকে কোন প্রশাসনিক/লজিস্টিক সাহায্য প্রদান করা সম্ভব হবে না। তবে, প্রয়োজনীয় রেজিমেন্টাল পুলিশ সহায়তা প্রদান করা যাবে।

কর্তৃপক্ষ সরকারী প্রয়োজনে যে কোন সময় বুকিং বাতিলের অধিকার সংরক্ষণ করে এবং সেক্ষেত্রে অগ্রীম প্রদত্ত অর্থ ফেরত প্রদান করা হবে।